জাইবি/ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা নিন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
শের-ই বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.betar.gov.bd

স্মারক : ১৫.৫৩.০০০০.০১১.২০.০৪৩.২৩. ২৬৬৮ তারিখ : ২৬/০৫/২০২৩

বিষয় : কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি সংক্রান্ত সভার কার্যবিবরণী।
সভাপতি : পরিচালক (প্রশাসন ও অর্থ) ও ইনোভেশন কমিটির অফিসার, বাংলাদেশ বেতার, ঢাকা।
স্থান : পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা এর দপ্তর কক্ষ।
তারিখ : ০৩/০৫/২০২৩ খ্রি:
সময় : বেলা ০২:৩০ ঘটিকা।
উপস্থিতির তালিকা: **পরিশিষ্ট-ক।**

বাংলাদেশ বেতারের পরিচালক (প্রশাসন ও অর্থ) ও ইনোভেশন অফিসার জনাব মোহাম্মদ নূরে আলম সিদ্দিকী সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি সংক্রান্ত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্ষেত্র | বিষয় | আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|
| [১] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | [১.১] সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | [১.১.১] সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত | বাংলাদেশ বেতার, ঢাকার গেট পাস সেবাটি বাস্তবায়িত হয়েছে। ০৩/০৫/২০২৩ তারিখে মহাপরিচালক মহোদয় এ সংক্রান্ত সেবাটির উদ্বোধন করেন। সেবাটি ব্যবহার করার জন্য ০৩/০৫/২০২৩ তারিখে একটি অফিস আদেশ জারি করা হয়েছে। | (বাস্তবায়িত) বাংলাদেশ বেতার, ঢাকার গেট পাস সেবাটি বাস্তবায়িত হওয়ায় সভায় সন্তুষ্টি প্রকাশ করা হয়। | |
| | [১.২] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুত করা এবং সেবাসমূহ চালু রাখা | [১.২.১] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুতকৃত | (বাস্তবায়িত) ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুতপূর্বক গত ০৬-১০-২০২২ তারিখ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। | (বাস্তবায়িত) নির্ধারিত সময়ে ডাটাবেজ প্রস্তুতকরে মন্ত্রণালয়ে প্রেরণ করায় সভায় সন্তুষ্টি প্রকাশ করা হয়। | |
| | | [১.২.২] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার চালুকৃত | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সকল সেবাসমূহ চালু রয়েছে। | (বাস্তবায়িত) গত ১৭/১২/২০২২ তারিখে মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভায় বাংলাদেশ বেতারে চালুকৃত সেবাসমূহ যাচাই-বাছাইপূর্বক সন্তুষ্টি প্রকাশ করেছেন মর্মে সভায় অবগত করা হয়। | |
| | [১.৩] ই-নথির ব্যবহার বৃদ্ধি | [১.৩.১] ই-ফাইলে নোট নিষ্পত্তিকৃত | বাংলাদেশ বেতারের ই-নথিতে এপ্রিল/২০২৩ মাসের অর্জন প্রায় ৭১%। এছাড়া বাংলাদেশ বেতার এর সকল আঞ্চলিক কেন্দ্র ও ইউনিটসমূহ ই-নথি সিস্টেমে আনার আলোচনা করা হয়। | ই-নথির লাইভ সার্ভারে চালুকৃত সকল শাখায় ই-নথির ব্যবহার বৃদ্ধি করতে হবে। এছাড়া মে মাসের দ্বিতীয় সপ্তাহে প্রশিক্ষণ আয়োজনের জন্য এ বিষয়ে প্রশিক্ষণ সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা উপ পরিচালক জনাব এ এস এম মামুন-এর সাথে যোগাযোগ করতে হবে। | সদস্য সচিব ইনোভেশন কমিটি |
| | [১.৪] ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/ পলিসি/কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজন | [১.৪.১] ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্মপরিকল্পনা প্রণীত | ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় কর্মপরিকল্পনা প্রনয়ণ পূর্বক ২৪-১০-২০২২ তারিখ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। | (বাস্তবায়িত) নির্ধারিত সময়ে ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় কর্মপরিকল্পনা প্রনয়ণ করে ২৪-১০-২০২২ মন্ত্রণালয়ে প্রেরণ করায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। | |

চলমান পাতা/২

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | [১.৪.২] ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজিত | নির্দিষ্ট সময়ের মধ্যে মন্ত্রণালয়ের নির্দেশনামতে আরো ০১টি কর্মশালার আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। | এপ্রিল/২০২৩ মাসে এ সংক্রান্ত ০১টি কর্মশালা আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এ বিষয়ে প্রশিক্ষণ সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা উপ পরিচালক জনাব এ এস এম মামুন-এর সাথে যোগাযোগ করতে হবে। | সদস্য সচিব ইনোভেশন কমিটি |
| প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি | [২.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [২.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত (ত্রৈমাসিক ভিত্তিতে) | বাংলাদেশ বেতারের ইনোভেশন কর্ণারসহ প্রতিটি সেবাবক্স নিয়মিত হালনাগাদ করণের বিষয়ে আলোচনা করা হয়। | তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করা হবে। এছাড়া গবেষণা ও গ্রহণ কেন্দ্র প্রতিমাসে এ সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করার পর ইনোভেশন কমিটির নিকট অনুলিপি প্রেরণ করবে। | গবেষণা ও গ্রহণ কেন্দ্র বাংলাদেশ বেতার, ঢাকা। |
| | [২.২] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [২.২.১] কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজিত | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী প্রশিক্ষণ আয়োজনের বিষয় আলোচনা করা হয়। | ৩য় কোয়াটার পর্যন্ত ৩টি প্রশিক্ষণ সম্পন্ন হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। ৪র্থ প্রশিক্ষণ মে মাসের ২৯ ও ৩০ তারিখে আয়োজন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | সংশ্লিষ্ট শাখা/সদস্য সচিব ইনোভেশন কমিটি |
| | | [২.২.২] ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নে জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়িত | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত ৬,০০,০০০ (ছয় লক্ষ) টাকার ৮০% নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজন অনুযায়ী ব্যয় করার বিষয় আলোচনা করা হয়। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত ৬,০০,০০০ (ছয় লক্ষ) টাকার ৮০% নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজন অনুযায়ী ব্যয় করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | সংশ্লিষ্ট শাখা |
| | | [২.২.৩] কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত | অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন যথা সময়ে প্রেরণের বিষয় আলোচনা করা হয়। | (বাস্তবায়িত) অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন ০২/০১/২০২৩ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করায় সভায় সন্তুষ্টি প্রকাশ করা হয়। | |
| | | [২.২.৪] আওতাধীন দপ্তর/সংস্থার অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত | আওতাধীন দপ্তর/সংস্থার অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা করে স্বমূল্যায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের বিষয় আলোচনা করা হয়। | (বাস্তবায়িত) আওতাধীন দপ্তর/সংস্থার অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা করে স্বমূল্যায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করায় সভায় সন্তুষ্টি প্রকাশ করা হয়। | |
| | | [২.২.৫] দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনকৃত | বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন করার বিষয় আলোচনা করা হয়। | বাংলাদেশ বেতারের ইনোভেশন টিম কর্তৃক দেশে বাস্তবায়িত একটি উদ্ভাবনী উদ্যোগে ২৫ মে এর মধ্যে পরিদর্শন করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | সংশ্লিষ্ট শাখা |
| বিবিধ | ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ। | ত্রৈমাসিক প্রতিবেদন (জানু-২০২৩ থেকে মার্চ-২০২৩) | ত্রৈমাসিক প্রতিবেদন (জানু-২০২৩ থেকে মার্চ-২০২৩) প্রমানকসহ মন্ত্রণালয়ে প্রেরণের বিষয় আলোচনা করা হয়। | ত্রৈমাসিক প্রতিবেদন (জানু-২০২৩ থেকে মার্চ-২০২৩) প্রমানকসহ ০৯/০৪/২০২৩ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করায় সভায় সন্তুষ্টি প্রকাশ করা হয়। | সংশ্লিষ্ট শাখা |

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ নূরে আলম সিদ্দিকী
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ও
ইনোভেশন অফিসার
মহাপরিচালকের পক্ষে
ফোন : ৪৪৮১৩০৭১

চলমান পাতা/৩

স্মারক : ১৫.৫৩.০০০০.০১১.২০.০৪৩.২৩. ২৬৬৮ তারিখ: ২৬/০৫/২০২৬

বিতরণ :

১। জনাব মোঃ আল আমিন খান, অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
২। ড. আবুল হাসনাত মোঃ জাকির উদ্দীন, স্টেশন প্রকৌশলী, সংরক্ষণ অনুবিভাগ, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
৩। জনাব মোহাম্মদ রাফিকুল হাসান, উপপরিচালক, কৃষি সার্ভিস দপ্তর, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
৪। জনাব মোঃ মাহমুদুন নবী, উপ বার্তা নিয়ন্ত্রক, কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার, ঢাকা।
(সংযুক্তিতে সদর দপ্তরে মহাপরিচালকের স্টাফ অফিসার হিসেবে কর্মরত)

অনুলিপি: সদয় অবগতিকল্পে ও কার্যার্থে :

১। অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
২। অতিরিক্ত মহাপরিচালক (বার্তা), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
৪। পরিচালক (বার্তা), কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার, ঢাকা।
৫। পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা।
৬। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ঢাকা **(ওয়েবসাইটের ইনোভেশন কর্ণারে প্রকাশের অনুরোধসহ)।**
৭। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ঢাকা ।
৮। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। পরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয়ের একান্ত সহকারী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা
(পরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। গার্ড ফাইল।

২৬/৫/২৬

মোহাম্মদ নূরে আলম সিদ্দিকী
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ও
ইনোভেশন অফিসার
মহাপরিচালকের পক্ষে
ফোন : ৪৪৮১৩০৭১

O/C